বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

নং - ৫৭৭/পরীক্ষা তারিখঃ 08/03/2022

## বিজ্ঞপ্তি

আদিষ্ট হইয়া সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের বি.এসসি.এজি. (অনার্স) লেভেল-১ সিমেস্টার-২ (জুলাই-ডিসেম্বর/২০২০) এর ফাইন্যাল পরীক্ষা আগামী ২৭/০৩/২০২২ তারিখ হইতে আরম্ভ হইবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীবৃন্দ ও এ বিষয়ে সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গ কর্তৃক পরীক্ষার এন্ট্রিফরম সংগ্রহ, জমাদান, প্রেরণ, পরীক্ষার ফিস ও অন্যান্য পাওনা পরিশোধ ইত্যাদি কার্যাদি সম্পন্ন করিবার নিমিত্তে নিম্নবর্ণিত রূপে সময়সূচী নির্ধারন করা হইল ঃ

১. পরীক্ষার জন্য নির্ধারিত এন্ট্রিফরম অনুষদীয় ডীন অফিস হইতে সংগ্রহ পূর্বক অনুষদীয় ডীন মহোদয়ের ক্লিয়ারেন্স গ্রহণ করিয়া হিসাব শাখায় ফিস জমাদানের রশিদ সংযোজন করিয়া সংশ্লিষ্ট অনুষদীয় ডীন অফিসে দাখিল করিবার সর্বশেষ তারিখ ১৪/০৩/২০২২ ইং পর্যন্ত।

২. পরীক্ষার্থীগণ কর্তৃক দাখিলকৃত এন্ট্রিফরম অনুষদীয় ডীন মহোদয় কর্তৃক সুপারিশসহ পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে প্রেরণের তারিখ ১৬/০৩/২০২২ ইং পর্যন্ত।

৩. নির্ধারিত তারিখে এন্ট্রিফরম পূরণ ও জমাদানে ব্যর্থ হইলে বিশেষ ক্ষেত্রে ডীন মহোদয়ের সুপারিশক্রমে এবং ভি.সি. মহোদয়ের বিশেষ অনুমতিক্রমে ২৫/- (পঁচিশ) টাকা বিলম্ব ফিসহ পরীক্ষার ফিস জমাদানের রশিদ সংযোজন করিয়া এন্ট্রিফরম দাখিল করিতে পারিবে।

**বিঃদ্রঃ (ক) ২২/০৩/২০১৭ তারিখের নং ৭৪২/৭- পরীক্ষা মূলে প্রচারিত বিজ্ঞপ্তির আলোকে স্টুডেন্ট প্রোফাইলে পাসপোর্ট সাইজের ছবি আপলোড/আপডেট করতে হবে।**

(খ) সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিকট প্রাপ্য নিজ নিজ বেতনাদি, হলের সিট ভাড়া সহ বিশ্ববিদ্যালয়ের যাবতীয় পাওনাদি পরীক্ষার ফিস জমাদানের নির্ধারিত তারিখের পূর্বে পরিশোধ করিয়া দায় মুক্তি সংক্রান্ত প্রমাণ পত্রাদি ও পরীক্ষার ফিস জমাদানের রশিদ সংযোজন করিয়া যথাসময়ে সংশ্লিষ্ট ডীন অফিসে এন্ট্রিফরম দাখিল করিতে হইবে।

(গ) উল্লেখিত জুলাই-ডিসেম্বর/২০২০ সিমেস্টারের রিপিট পরীক্ষায় অংশ গ্রহনেচ্ছুক ছাত্র-ছাত্রীগণ ও উল্লেখিত সময়সূচী অনুসরনে রিপিট পরীক্ষার জন্য এন্ট্রিফরম পূরণ করিবে। উল্লেখ্য যে, রিপিট পরীক্ষার জন্য আকাশী রং এর পৃথক এন্ট্রিফরম নির্ধারন করা হইয়াছে।

(ঘ) সংশ্লিষ্ট সিমেস্টারের রিপিট পরীক্ষার্থীদের পূর্ববর্তী সর্বশেষ সিমেস্টারের একাডেমিক রেকর্ডস সংযোজন করতে হবে (এক্ষেত্রে পূর্ববর্তী সিমেস্টার হবে জুলাই-ডিসেম্বর/২০১৯।

(ঙ) এন্ট্রিফরমে পরীক্ষার্থীদের নাম ও স্বাক্ষরের নীচে মোবাইল নম্বর উল্লেখ করিতে হইবে।

**(চ) স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

(স্বাক্ষর)
08-03-2022
অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক
বাকৃবি, ময়মনসিংহ
তারিখঃ 08/03/2022

মেমো নং - ৫৭৭(৩০)/পরীক্ষা
অবগতির জন্য অনুলিপি প্রেরিত হইল ঃ

১) ডীন, কৃষি অনুষদ, বাকৃবি, ময়মনসিংহ, নিয়মিত ........ টি এবং রিপিট ...... টি এন্ট্রিফরম এতদসঙ্গে প্রেরণ করা হইল।

২) অন্যান্য সকল অনুষদের ডীন, বাকৃবি, ময়মনসিংহ।

৩) কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি, বাকৃবি, ময়মনসিংহ।

৪) ছাত্র বিষয়ক উপদেষ্টা, বাকৃবি, ময়মনসিংহ।

৫) রেজিস্ট্রার, বাকৃবি, ময়মনসিংহ।

৬) ট্রেজারার, বাকৃবি, ময়মনসিংহ।

৭) প্রোক্টর, বাকৃবি, ময়মনসিংহ।

৮) সকল হলের প্রভোস্ট, বাকৃবি, ময়মনসিংহ।

৯) লাইব্রেরিয়ান, বাকৃবি, ময়মনসিংহ।

১০) পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা, বাকৃবি, ময়মনসিংহ।

১১) পরিচালক, আইসিটি সেল। বিজ্ঞপ্তিটি বাকৃবি ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

১২) ডেপুটি রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর সচিবালয়, বাকৃবি, ময়মনসিংহ (মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

১৩) পরীক্ষা শাখার নোটিশ বোর্ড, বাকৃবি, ময়মনসিংহ।